27 JUN 1988 দৈনিক ইত্তেফাক

তারিখ ২৭/৬/৮৮
পৃষ্ঠা ১ কলাম ২

# শিক্ষিতের হার ৪০ ভাগে উন্নীত করিতে হইবে

এরশাদ

বাসস জানায়, প্রেসিডেন্ট এরশাদ গতকাল (রবিবার) ঢাকায় বলেন যে, তাঁহার সরকার দেশের প্রয়োজনের দিকে লক্ষ্য রাখিয়া শিক্ষা ব্যবস্থায় মৌলিক পরিবর্তন সাধনে সংকল্পবদ্ধ। গতকাল মীরপুরে 'প্রাথমিক শিক্ষক ভবন' উদ্বোধনকালে প্রেসিডেন্ট বলেন, শিক্ষকদের সহযোগিতায় সরকার এই লক্ষ্য অর্জন করিবেন। তিনি বলেন, "আমরা একটি শিক্ষিত জাতি গঠন করিতে চাই; আর এ জন্য আমি নিজে সম্ভাব্য সকল প্রকার সহযোগিতা প্রদান করিব এবং আশা করি শিক্ষকরা তাহাদের সনিষ্ঠ সেবা প্রদান করিবেন।" প্রেসিডেন্ট এরশাদ আগামী দুই

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## এরশাদ

(১ম পৃ: পর)

হইতে তিন বছর সময়ের মধ্যে দেশে শিক্ষিতের হার শতকরা ২০ ভাগ হইতে শতকরা ৪০ ভাগে উন্নীত করার জন্য শিক্ষকদের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, এই লক্ষ্য অর্জনে সরকার অবকাঠামো সুবিধাদির উন্নয়ন সাধন করিবেন। প্রেসিডেন্ট বলেন, সরকার প্রাথমিক শিক্ষার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। কারণ কোন দেশের শিক্ষিতের হার সেই দেশের প্রাথমিক শিক্ষার কার্যকারিতা দ্বারাই নিরূপিত হয়—কতজন ডাক্তার বা ইঞ্জিনিয়ার সৃষ্টি করা হইয়াছে ইহার উপর নয়। তিনি বলেন, শিক্ষকরা সমাজের সচেতন অংশ, আর এজন্যই তাহারা ভবিষ্যৎ বংশধরদের শিক্ষাদানের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালাইয়া যাইতেছেন। প্রেসিডেন্ট বলেন, "আসুন, সম্মিলিত প্রচেষ্টায় সমাজ হইতে অশিক্ষার অভিশাপ দূর করিয়া একটি সুখী সমৃদ্ধ দেশ গঠন করি।" প্রেসিডেন্ট এরশাদ বলেন, তাহার সরকারের রাজনীতির লক্ষ্য শুধু জনগণের জীবনমান উন্নয়নই নহে, বরং একটি শিক্ষিত জাতি গঠনও অন্যতম লক্ষ্য। প্রেসিডেন্ট শত অসুবিধা সত্ত্বেও ভবিষ্যৎ বংশধরদের শিক্ষাদানে শিক্ষকদের ভূমিকার প্রশংসা করেন এবং আশা প্রকাশ করেন এ ব্যাপারে তাহারা তাহাদের প্রচেষ্টা অব্যাহত রাখিবেন। এবং একই সঙ্গে সমাজে তাহাদের সম্মানজনক অবস্থান আরও সুদৃঢ় করিবেন।

আগামী অর্থ বছরের বাজেটের অনাবশ্যক সমালোচনার কথা উল্লেখ করিয়া প্রেসিডেন্ট বলেন, তাঁহার সরকার কেবল শিক্ষা খাতেই ১১৬০ কোটি টাকার বরাদ্দ দিয়াছেন, যাহা এই খাতে এ যাবৎকালের সর্বোচ্চ বরাদ্দ। তিনি বলেন, বাজেটের সমালোচনার পাশাপাশি কেহ কেহ বৈদেশিক ঋণ গ্রহণের ব্যাপারেও প্রশ্ন উত্থাপন করিয়াছেন এবং একই সঙ্গে তাহারা কর আরোপের বিরোধিতা করিয়াছেন। প্রেসিডেন্ট বলেন, জাপান, পশ্চিম জার্মানী ও কোরিয়ার মত অনেক উন্নত দেশ তাহাদের দেশের উন্নয়নের জন্য বৈদেশিক ঋণ গ্রহণ করিয়াছে। এ প্রসঙ্গে তিনি ৭৭-জাতি গ্রুপ গঠনের কথা উল্লেখ করিয়া বলেন, উন্নয়নশীল দেশসমূহের এই গ্রুপ উন্নত দেশগুলিকে তাহাদের দেশের উন্নয়নে সাহায্যদানের জন্য একত্রে চাপ প্রয়োগ করিতেছে। ইহাতেই